

আধুনিক নয় পুরো সময়

# কালের বর্ধ

ঢাকা, বুধবার, ১৯ অক্টোবর ২০১১, ৪ কার্তিক ১৪১৮, ২০ জিলকদ ১৪৩২

সেমিনারে আকবর আলি খান

## ক্ষুদ্রঋণ ব্যবস্থা দিয়ে সামগ্রিক উন্নয়ন হবে না

নিজস্ব প্রতিবেদক

ড. আকবর আলি খান বলেছেন, দেশে এনজিও দ্বারা পরিচালিত ক্ষুদ্রঋণ ব্যবস্থা দিয়ে সামগ্রিক উন্নয়ন হবে না। কারণ এনজিওগুলো গ্রামীণ উন্নয়ন কার্যক্রমের চেয়ে নিজেদের মধ্যে প্রতিযোগিতায় বেশি ব্যস্ত। একজন লোককে একাধিক এনজিও ঋণ দিচ্ছে।

গতকাল মঙ্গলবার বিকেলে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে 'গ্রামীণ উন্নয়ন ও বাংলাদেশ অর্থনীতি' শীর্ষক সেমিনারে তিনি এসব কথা বলেন। বিগত তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. আকবর আলি খান বলেন, 'দারিদ্র্য দূর করতে হলে সরকার ও এনজিওগুলোকে এ দেশের দারিদ্র্যের ১০০ বছরের ইতিহাস থেকে শিক্ষা নিতে হবে। গ্রামীণ উন্নয়নের জন্য প্রয়োজন সরকার ও এনজিওগুলোর সঙ্গে মানুষের পারস্পরিক সমঝোতা এবং সামাজিক পুঁজি। দারিদ্র্য দূর করতে দেশের মানুষের সামাজিক পুঁজি বাড়াতে হবে। সেমিনারে প্রধান অতিথি ছিলেন ব্র্যাকের নির্বাহী পরিচালক ড. মাহবুব হাসান। বিশেষ অতিথি ছিলেন বিগত তত্ত্বাবধায়ক সরকারের আরেক উপদেষ্টা ড. মিস্কা আজিজুল ইসলাম। সেমিনারের আয়োজন করে ব্র্যাক বিশ্ববিদ্যালয় গ্রামীণ উন্নয়ন ক্লাব।

স্বাগত বক্তব্য দেন বিজনেস ক্লাবের পরিচালক ও অধ্যাপক মামুন রশিদ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মাহবুব হাসান। বিজনেস ক্লাবের সভাপতি তানজিলা হক জানান, ২০০৯ সালে এই ক্লাব যাত্রা শুরু করে। সেমিনার সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয় বিজনেস স্কুলের শিক্ষার্থী সারওয়াত সারা।